

# শহরের পড়ুয়াদের সাফল্য সায়েন্স অলিম্পিয়াড মঞ্চে

এই সময়: সায়েন্স অলিম্পিয়াড ফাউন্ডেশনে আন্তর্জাতিক র‍্যাঙ্ক পেয়ে কলকাতার সম্মান বাড়াল তিন পড়ুয়া। ৩০টি দেশের ১৪০০ শহর থেকে ৪৫ হাজারেরও বেশি স্কুল থেকে বেশ কয়েক লক্ষ পড়ুয়া এই মেধার যুদ্ধে অংশ নিয়েছিল। কেবলমাত্র কলকাতা শহর থেকেই এক লক্ষ ২৭ হাজারের বেশি ছাত্রছাত্রী হাজির ছিল বুদ্ধির লড়াইয়ে অংশ নিতে।



সায়েন্স অলিম্পিয়াডের পুরস্কার প্রাপকরা — এই সময়

শেষ পর্যন্ত ন্যাশনাল সায়েন্স অলিম্পিয়াডের এক নম্বর আন্তর্জাতিক র‍্যাঙ্কে জয়ী হয় বিডিএম ইন্টারন্যাশনাল স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্র সব্যসাচী লক্ষর। আন্তর্জাতিক ম্যাথমেটিক্যাল অলিম্পিয়াডে দ্বিতীয় স্থান অধিকার করে সাউথ পয়েন্ট হাইস্কুলের একাদশ শ্রেণির ছাত্র অঙ্গীকার ঘোষাল। আন্তর্জাতিক ইংলিশ অলিম্পিয়াডে তৃতীয় স্থান অধিকার করেছে লক্ষ্মীপত

সিংহানিয়া অ্যাকাডেমির নবম শ্রেণির ছাত্রী সৌম্যশ্রেয়সী বন্দ্যোপাধ্যায়।

পুরস্কার হিসেবে প্রথম স্থানাধিকারীকে সোনার মেডেল ও নগদ ৫০ হাজার টাকা, দ্বিতীয় স্থানাধিকারীকে রূপোর মেডেল ও নগদ ২৫ হাজার টাকা এবং তৃতীয় স্থানাধিকারীকে ব্রোঞ্জ মেডেল ও নগদ ১০ হাজার টাকা দিয়ে সম্মানিত করা হয়।